# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৮

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ ইলমে হাদীস বিষয়ে যিনি চোখ বন্ধ রাখে এবং অন্য ইলমে নিজেকে নিয়োজিত রাখে এমন ব্যক্তিকে নিম্নোক্ত হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত হাদীসগুলোর বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ أَوْهَمَ مَنْ أَغْضَى عَنْ عِلْمِ السُّنَنِ وَاشْتَغَلَ بِضِدِّهَا أَنَّهُ يُضَادُّ الْأَخْبَارَ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ

---

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْعَلَاءِ بْنِ الْمُسَيَّبِ عَنْ فُضَيْلِ بْنِ عَمْرٍو عَنْ عَائِشَةَ بِنْتِ طَلْحَةَ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ قَالَتْ تُوُفِّيَ صَبِيٌّ فَقُلْتُ طُوبَى لَهُ عُصْفُورٌ مِنْ عَصَافِيرِ الْجَنَّةِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أَوَلَا تَدْرِينَ أَنَّ اللَّهَ خَلَقَ الجنة وخلق النار فخلق لهذه أهلا ولهذه أهلا"

الراوي : عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 138 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১৩৮. উম্মুল মুমিনীন 'আইশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, একটা শিশু মারা গেলে আমি বললাম: "শিশুটি কতো ভাগ্যবান! সে জান্নাতের চড়ুইপাখিগুলোর মাঝে একটি চড়ুইপাখি! (এটা শুনে) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "'আইশা, তুমি কী জাননা, আল্লাহ জান্নাত ও জাহান্নাম সৃষ্টি করেছেন অতঃপর জান্নাতের জন্য তার অধিবাসী সৃষ্টি করেছেন এবং জাহান্নামের জন্যও তার অধিবাসী সৃষ্টি করেছেন।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: أَرَادَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقَوْلِهِ هَذَا تَرْكَ التَّزْكِيَةِ لِأَحَدٍ مَاتَ عَلَى الْإِسْلَامِ وَلِئَلَّا يُشْهَدَ بِالْجَنَّةِ لِأَحَدٍ وَإِنْ عُرِفَ مِنْهُ إِتْيَانُ الطَّاعَاتِ وَالِانْتِهَاءُ عَنِ الْمَزْجُورَاتِ لِيَكُونَ الْقَوْمُ أَحْرَصَ عَلَى الْخَيْرِ وَأَخْوَفَ مِنَ الرَّبِّ لَا أَنَّ الصَّبِيَّ الطِّفْلَ مِنَ الْمُسْلِمِينَ يُخَافُ عَلَيْهِ النَّارُ وَهَذِهِ مَسْأَلَةٌ طَوِيلَةٌ قَدْ أَمْلَيْنَاهَا بِفُصُولِهَا وَالْجَمْعُ بَيْنَ هَذِهِ الْأَخْبَارِ فِي كِتَابِ فُصُولُ السُّنَنِ وَسَنُمْلِيهَا إِنْ شَاءَ اللَّهُ بَعْدَ هَذَا الْكِتَابِ فِي كِتَابِ الْجَمْعُ بَيْنَ الْأَخْبَارِ

وَنَفْيُ التَّضَادِّ عَنِ الْآثَارِ إِنْ يسر الله تعالى ذلك وشاء.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এই বক্তব্যের উদ্দেশ্য হলো ইসলামের উপর মৃত্যুবরণকারী কারো জন্য প্রশংসা না করা এবং কারো জন্য জান্নাতের সাক্ষ্য না দেওয়া যদিও সে ব্যক্তি ভালো কাজ পালন এবং নিষিদ্ধ কাজ বর্জনকারী হিসেবে সুপরিচিত হন, যাতে মানুষ কল্যানের কাজে বেশি আগ্রহী হতে পারে এবং তার প্রতিপালককে বেশি ভয় করে। এই হাদীসের উদ্দেশ্য এটা নয় যে, মুসলিম শিশু মারা গেলে তার জাহান্নামে যাওয়ার আশংকা আছে। এটি একটি বৃহত্তর মাসআলাহ; যা আমরা এর সংশ্লিষ্ট অনুচ্ছেদগুলোতে আলোচনা করেছি। এই সমস্ত হাদীসের মাঝে সমন্বয় ’ফুসূলুস সুনান’ কিতাবে আছে। যদি আল্লাহ চান এবং সহজ করে দেন তাহলে এই সম্পর্কে এই কিতাবের পর الْجَمْعُ بَيْنَ الأَخْبَارِ وَنَفْيُ التَّضَادِّ عَنِ الْآثَارِ নামক কিতাবে লিখবো ইনশাআল্লাহ।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৬২; নাসাঈ: ৪/৫৭; ইবনু মাজাহ: ৮২; আবু দাউদ: ৪৭১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88304

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন